

মেকআপ নিয়ে কিছু কথা

‘সুন্দর মুখের জয় সর্বত্র।’ আর অসুন্দর মুখকে সুন্দর ও সুন্দর মুখকে আরও সুন্দর করে তুলতে হলে মেকআপের প্রয়োজন সর্বাধিক। কিন্তু মেকআপ যদি সঠিক না হয়, তাহলে সমস্তটাই মাটি। - সেকথা ভেবেই এই রচনার অবতারণা করা

- নো-লুক মেকআপের জন্য প্রথমে ত্বকের রং অনুযায়ী ওয়াটার বেসড ফাউন্ডেশন (গাল ভারী বা নাক চাপা হলে ডিপ শেডের ফাউন্ডেশন লাগিয়ে খুঁত ঢাকা যায়) সমানভাবে লাগিয়ে ত্বক অনুসারে কমপ্যাক্ট সারা মুখে সমানভাবে লাগিয়ে ব্লাশঅন লাগানো দরকার।

এবার চোখের আকৃতি এবং পোশাক অনুযায়ী হাল্কা শেডের আইশ্যাডো লাগাতে হয়।

এরপর লাগাতে হয় আইলাইনার।

আইলাইনারকে চোখের কোলের দিকে গাঢ় ও চোখের কোণের দিকে হাল্কা করতে হয়।

ছোট চোখে সরু ও বড় চোখে মোটা করে আইলাইনার লাগানো উচিত।

আইব্রাউ এর নীচে মানানসই করে গ্লিটার বা হাইলাইটার লাগানো যায়।

ডাবল কোট করে মাস্কারা লাগাতে পারেন।

আইব্রাউ যদি সরু হয় তো তাকে পেন্সিল দিয়ে মোটা করে নিতে পারেন।

এরপর হাল্কা কপার, বেজ, ব্রাউন, পিঙ্ক কালারের লিপস্টিক লাগানো যায়।

ঠোঁট যদি পাতলা হয় তো তাকে লিপ লাইনার দিয়ে মোটা করে নিন।

- দিনে ন্যাচারাল ও রাতে গর্জাস মেকআপ করা উচিত।

- রোদে বেরোনোর আগে মেকআপ করতে হলে প্রথমে সানস্ক্রিন লাগাবেন। তারপর পাফ বুলিয়ে নেবেন। কাজল, মাস্কারা, হাল্কা শেডের লিপস্টিক লাগাতে পারেন।

- এস পি এফ - ৩০ ও বেশী মাত্রার প্রসাধনী ব্যবহার করুন।

- গরমের রাতে মেকআপ করার আগে মুখে বরফ ঘষে নিতে হয়। এবার ওয়াটারপ্রুফ ফাউন্ডেশন লাগাতে হয়। তারপর পাফ বুলিয়ে নিতে হয়। কাজল, মাস্কারা, ব্লাশার, আইশ্যাডো, লিপস্টিক লাগাতে পারেন, তবে পোশাকের সাথে ম্যাচ করে।

শাড়ি, সালোয়ার কামিজ, ঘাঘরা পরলে জুঁই,বেলের মালা লাগাতে পারেন।

পারফিউম লাগাবেন অবশ্য করেই।

মিঠু ঘোষাল। গভর্নমেন্ট ইন্ডাস্ট্রিয়াল হাউসিং এস্টেট। ব্লক- কিউ। ফ্ল্যাট নম্বর-১৩।
বজ্রবজ্র। কলকাতা-৭০০১৩৭। ফোন নম্বর- ০৩৩২৪৯২৪৩৪১, ০৩৩২৪৭০-৩৬৩৭।
মোবাইল নম্বর- ৯২৩১৮১১৫৩৬।